



## রামিসা হত্যায় দ্রুত চার্জশিট জমার আশ্বাস স্বরাষ্ট্রমন্ত্রীর



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে শিশু রামিসা হত্যাকাণ্ডের ঘটনায় দ্রুত তদন্ত শেষ করে চার্জশিট আদালতে জমা দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।  
বৃহস্পতিবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। মন্ত্রী জানান, ঘটনার পরপরই আইনশৃঙ্খলা বাহিনী দ্রুত অভিযান চালিয়ে আসামিদের গ্রেপ্তার করেছে। এর মধ্যে কয়েকজন স্বীকারোক্তিমূলক জবানবন্দিও দিয়েছে।

তিনি বলেন, তদন্ত কাজ শেষ হলেই স্বল্প সময়ের মধ্যে চার্জশিট দেওয়া হবে। এরপর মামলাটি দ্রুত বিচার প্রক্রিয়ায় নেওয়ার উদ্যোগ থাকবে।

সালাউদ্দিন আহমেদ আরও বলেন, বিচার ব্যবস্থা আদালতের এখতিয়ারভুক্ত বিষয়। সব ক্ষেত্রে বিলম্বকে বিচারহীনতা হিসেবে দেখার সুযোগ নেই। বিভিন্ন পুরনো মামলাতেও নিয়মিত অগ্রগতি হচ্ছে।

তিনি জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সরকার কাজ করছে। তবে সব সিদ্ধান্ত তাৎক্ষণিকভাবে নেওয়া সম্ভব নয়, কিছু ক্ষেত্রে সময়ের প্রয়োজন হয়।

আইন সংস্কার প্রসঙ্গে তিনি বলেন, এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। জনমতের চাপ থাকলেও তড়িঘড়ি সিদ্ধান্ত সব সময় ইতিবাচক ফল আনে না।

এ ঘটনায় এলাকাজুড়ে শোক ও ক্ষোভ বিরাজ করছে, দ্রুত বিচার সম্পন্নের দাবি জানাচ্ছে স্থানীয়রা।